খুলনা সিটি কর্পোরেশন
খুলনা
হিসাব বিভাগ।

০৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখ রবিবার বেলা ১১-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের জি আই জেড সভাকক্ষে অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভাপতি এবং ০৮ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর **জনাব মোঃ সাহিদুর রহমান** এর সভাপতিত্বে অনুষ্ঠিত অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ঃ

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ০১। জনাব মোঃ সাইফুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর | ওয়ার্ড নং- | ২৯ | - সদস্য |
| ০২। জনাব মোহাম্মাদ জিয়াউল আহসান, সম্মানিত কাউন্সিলর | " | ২৮ | - সদস্য |
| ০৩। জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু , মেয়র প্যানেলের সদস্য ও সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং- | " | ০৫ | - সদস্য |
| ০৪। জনাব জেসমিন পারভীন জলি, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং- | " | ১০ | - সদস্য |

**সভায় উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ**

০১। জনাব ডাঃ স্বপন কুমার হালদার, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, কেসিসি।
০২। জনাব মোঃ মনিরুজ্জামান , বি এ ও, কেসিসি।
০৩। জনাব ড. পেরু গোপাল বিশ্বাস , ভেটেরিনারি অফিসার, কেসিসি।
০৪। জনাব মোঃ অহিদুজ্জামান খান, রাজস্ব কর্মকর্তা , কেসিসি।
০৫। জনাব ইমরান হোসেন, সহঃ হিসাবরক্ষণ কর্মকর্তা (অডিট), কেসিসি।
০৬। জনাব তপন নন্দী, কালেক্টর অব ট্যাক্সেস, কেসিসি।
০৭। জনাব নুরুজ্জামান তালুকদার, এস্টেট অফিসার, কেসিসি।
০৮। জনাব মোঃ ফারুক হোসেন তালুকদার, সিঃ লাইসেন্স অফিসার, কেসিসি।
০৯। জনাব এস কে এম তাসাদুজ্জামান, শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার, কেসিসি।
১০। জনাব রওশন আরা খাতুন, হিসাব রক্ষক, কেসিসি।
১১। জনাব সঞ্জীব কুমার সাহা, ক্যাশিয়ার, কেসিসি।
১২। জনাব মেহেদী মাসুদ, হিসাব সহকারী, কেসিসি।
১৩। জনাব মোঃ আবু হাসান, সহকারী, কেসিসি।

(অপর পাতায় )

| আলোচ্যসূচি | আলোচনা | সুপারিশ |
|---|---|---|
| **১। নব গঠিত অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভাপতি, সদস্য বৃন্দ এবং সংশ্লিষ্ঠ কমিটির কর্মকর্তা ও শাখা প্রধানদের সাথে মত বিনিময় ও আলোচনা।** | **জনাব মোঃ সাহিদুর রহমান, সভাপতি মহোদয়,** মহান আল্লাহতায়ালার নাম স্মরণ করে উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দ/শাখা প্রধানদের সালাম ও শুভেচ্ছা বিনিময় করে উপস্থিত সকলের পরিচয় পর্ব শুরু করেন। অতঃপর তিনি বলেন, এলাকায় প্রতিনিধিত্ব করেন এবং যারা কেসিসি তে কর্মরত আছেন সবার উদ্দেশ্য সিটির মানুষের সেবা করা। এই সেবা থেকে কোনো মানুষ যাতে বঞ্চিত না হয় সে দিকে সবাইকে খেয়াল রাখতে হবে। এই কমিটিতে যে সকল সদস্য বৃন্দ আছেন সবাই যোগ্য ব্যক্তি। সকলের সহযোগিতায় সুন্দরভাবে কাজ করা সম্ভব বলে তিনি বিশ্বাস করেন। অতঃপর বাজেট কাম একাউন্টস্ অফিসার কে এ বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>**জনাব মোঃ মনিরুজ্জামান, (বিএও)** , উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন, প্রতি বছর জুলাই মাসের মাঝামাঝি সময় খুলনা সিটি কর্পোরেশনের বাজেট ঘোষনা অনুষ্ঠান হয়ে থাকে। জুন মাসের মধ্যে আমাদের আয় ও ব্যয় সহ সকল প্রকল্পের হিসাব সম্পন্ন হয়ে থাকে। এ ছাড়া বিভিন্ন শাখার তথ্যের আলোকে বাজেট প্রস্তুতির সকল কার্যক্রম সম্পন্ন করা হয়। ইনশাআল্লাহ এবারেও যথা সময়ে বাজেট ঘোষনা অনুষ্ঠান সুন্দরভাবে সম্পন্ন করা হবে বলে আশা ব্যক্ত করেন।<br><br>**জনাব মোঃ সাইফুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৯ বলেন,** মাননীয় মেয়র মহোদয় খুলনা একটি তিলোত্তমা নগরী গড়ার স্বপ্ন দেখেন। এটি যাতে বাস্তবায়ন করা যায় তার চেষ্টা সকলের করতে হবে। বর্জ্য ব্যবস্থাপনার উপর বেশী গুরুত্ব দিতে হবে। এ ছাড়া সিটি কর্পোরেশনের আয় বৃদ্ধির বিষয়ে আরও তৎপর হতে হবে।<br><br>**জনাব মোহাম্মাদ জিয়াউল আহসান, সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং -২৮** উপস্থিত সকলকে সালাম ও ধন্যবাদ জানিয়ে তিনি সকলের সহোযোগিতা নিয়ে জনগনের সেবা করতে চান। সিটি কর্পোরেশনের যে সমস্ত দপ্তর হতে আয় হয় সে সমস্ত দপ্তরের আয় বাড়ানো দরকার, সাথে সাথে ব্যয়ের খাতের হিসাব সঠিকভাবে রাখতে হবে মর্মে বলেন।<br><br>**জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু, মেয়র প্যানেলের সদস্য , সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং- ০৫** বলেন, সবাই যদি একত্রে জনগনের সেবা করার মন-মানসিকতা কাজ করি, তাহলে কোনো সমস্যা থাকবে না। কেসিসি'র যে সমস্ত বিভাগ/শাখা আদায়ের কাজ করে তাদেরকে আরও মনোযোগি হয়ে কাজ করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি কেসিসি'র আয় ও ব্যয় খাতের হিসাবসমূহ আগামী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।<br>**জনাব জেসমিন পারভীন জলি, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন - ১০ বলেন,** তিনি নবাগত তাই সকলের সহোযোগিতা চান। এই কমিটির সবাই বিজ্ঞ। সুন্দর চিন্তা ভাবনা গুলো সবার সাথে শেয়ার করলে ভাল ফলাফল পাওয়া যাবে বলে তিনি মত ব্যক্ত করেন।<br><br>**জনাব ড. পেরু গোপাল বিশ্বাস , ভেটেরিনারি অফিসার, কেসিসি,** প্রবিধান বিষয়ে ১২১ নং ধারায় বলা আছে এটি সংযোজন,পরিবর্তন, পরিবর্ধন করা যেতে পারে। জাইকা আমাদেরকে এ বিষয়ে পরামর্শ দিয়েছেন। সে আলোকে খসড়া প্রবিধান খানা প্রস্তুত করতঃ যাচাই বাছাই করা প্রয়োজন।।<br><br>**জনাব মোঃ সাহিদুর রহমান, সভাপতি মহোদয় বলেন,**আমাদের এই কমিটির সক্ষমতা কতটুকু আমাদেরকে তা জানতে হবে। বিধি নিষেধ জানা থাকলে কথা বলতে সুবিধা হবে। আয় ও ব্যয়ের উপর প্রতি ০৩ মাস অন্তর সভা করলে সচ্ছতা থাকবে, কোথায় কোথায় আয় কম হচ্ছে সে গুলো চিহ্নিত করে আয় বাড়ানোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে খুলনা সিটি কর্পোরেশনের আয় ও ব্যায় খাতের হিসাব এবং তা আগামী ১৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখের অত্র কমিটির সভায় উপস্থাপন করা সহ স্থায়ী কমিটির প্রবিধান ২০২৪ সম্পর্কে পরবর্তী সভায় আলোচনার সিদ্ধান্ত গৃহীত হয়।। |

অতঃপর সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সাহিদুর রহমান ১৩/০৫/২৪

( মোঃ সাহিদুর রহমান )
সভাপতি
অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮, কেসিসি।

নং ৪৬.১৩.০০০০.০৬.০২১.০৬.০০৪.২৩.২৭৬ তারিখ- ১৩/০৫/২০২৪

খ্রিঃ।

অনুলিপি ঃ

০১। সকল সম্মানিত সদস্য, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি, কেসিসি।
০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, কেসিসি।
০৩। বিভাগীয় প্রধানগণ, কেসিসি।
০৪। সি এ টু মাননীয় মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। ওয়ার্ড সচিব, ওয়ার্ড নং ০৮, কেসিসি।
০৬। গার্ড ফাইল/নথি।

মোঃ সাহিদুর রহমান ১৩/০৫/২৪

( মোঃ সাহিদুর রহমান )
সভাপতি
অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮, কেসিসি।